১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
কুড়িগ্রাম
আইসিটি শাখা

নভেম্বর ২০২৩ মাসের জেলা ইনোভেশন টিম এর সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| সভাপতি | খন্দকার মুদাচ্ছির বিন আলী<br>অতিরিক্ত জেলা প্রশাসক |
| সভার তারিখ | ১৯-১১-২০২৩ খ্রি. |
| সভার সময় | বেলা- ১২:২০ টা। |
| স্থান | অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক),মহোদয়ের কক্ষ, কুড়িগ্রাম। |
| উপস্থিতি | পরিশিষ্ট- "ক" (স্বাক্ষরের ক্রমানুসারে) |

উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। নিজ নিজ অধিক্ষেত্রে ইনোভেশন কার্যক্রম গ্রহণ ও তা বাস্তবায়নে সভাপতি দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন এবং আলোচ্যসূচি পেশ করার জন্য সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রামকে অনুরোধ করেন। অত:পর গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করার পর নিম্নোক্ত এজেন্ডাভিত্তিক আলোচনা অনুষ্ঠিত হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | **জেলা ও উপজেলা ইনোভেশন টিমের পুনর্গঠন সম্পর্কে আলোচনাঃ**<br>মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন মোতাবেক জেলা ইনোভেশন টিম ইতোমধ্যে পুনর্গঠন করা হয়েছে। সভাপতি যে সকল উপজেলা ইনোভেশন টিমের হালনাগাদ তথ্য পাওয়া যায়নি তাদের দ্রুততম সময়ের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রামকে অনুরোধ করেন। | মন্ত্রিপরিষদ বিভাগের ১৬ নভেম্বর ২০২৩ তারিখের প্রজ্ঞাপনের নির্দেশনা মোতাবেক উপজেলা ইনোভেশন টিম পুর্নগঠনপূর্বক দ্রুত এ কার্যালয়কে অবহিত করতে হবে। | উপজেলা ইনোভেশন অফিসার (সকল), কুড়িগ্রাম। |
| ২। | **স্মার্ট কুড়িগ্রাম-২০৪১:**<br>মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১ সম্পর্কে গৃহীত কর্মপরিকল্পনা বিষয়ে সভায় আলোচনা হয়। স্মার্ট কুড়িগ্রাম বিনির্মাণে এ জেলার সকল সরকারি-বেসরকারি দপ্তরকে সেবাপ্রদানে স্মার্ট ও ডিজিটাল ধারণার প্রবর্তন করার অনুরোধ জানানো হয়। | সকল দপ্তরের বিভিন্ন সভা সেমিনারে স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১ সম্পর্কে আলোচনা করতে হবে এবং স্মার্ট ও ডিজিটাল ধারণার প্রবর্তন করতে হবে। | সরকারি-বেসরকারি দপ্তর/সংস্থা প্রধান (সকল), কুড়িগ্রাম |

| | | | |
|---|---|---|---|
| ৩। | **উপজেলা ইনোভেশন টিমের সভা সম্পর্কে আলোচনাঃ**<br>উপজেলা ইনোভেশন টিমের সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা করা হয়। উপজেলা ইনোভেশন টিমের মাসিক সভাকে আরও কার্যকর ও গতিশীল করার ব্যাপারে আলোচনা করা হয়। প্রতিমাসে উপজেলা ইনোভেশন টিমের সভা করে নতুন ইনোভেশন প্রস্তাব/ আইডিয়া গ্রহণ করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। সভাপতি প্রতিটি উপজেলা হতে ইনোভেশন প্রস্তাব আহবান করেন। জেলা ইনোভেশন টিমের সভার এক সপ্তাহ পূর্বে উপজেলা ইনোভেশন টিমের সভা নিয়মিত অনুষ্ঠানপূর্বক উপজেলা ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড এবং পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য পুনরায় অনুরোধ করেন। | ১। প্রতিমাসে উপজেলা ইনোভেশন টিমের সভা করে সভার কার্যবিবরণী স্ব স্ব ওয়েব পোর্টালে আপলোড এবং পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে এ কার্যালয়ে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।<br>২। উপজেলা থেকে ইনোভেশন প্রস্তাব প্রেরণ করতে হবে। | ১) উপজেলা ইনোভেশন অফিসার (সকল), কুড়িগ্রাম<br><br>২)সহকারী কমিশনার(আইসিটি)কুড়িগ্রাম |
| ৪। | **উদ্ভাবন সহায়ক পরিবেশ তৈরি সম্পর্কে আলোচনাঃ**<br>প্রতিটি সরকারি দপ্তরে নিজ অধিক্ষেত্রে উদ্ভাবন সহায়ক পরিবেশ তৈরির উপর গুরুত্বারোপ করে সভাপতি জানান, নিজ দপ্তরে নিয়োজিত জনবলের সচেতনতা ও দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ, সেমিনারসহ অন্য দপ্তরের উদ্ভাবনী উদ্যোগ প্রদর্শনের ব্যবস্থা করতে হবে। এতে মানসিকতার পরিবর্তন সাধিত হবে এবং নতুন উদ্ভাবনী উদ্যোগ বৃদ্ধি পাবে। | উদ্ভাবন সহায়ক পরিবেশ তৈরি করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল), কুড়িগ্রাম। |

| | | | |
|---|---|---|---|
| ৫। | **সেবা প্রদানে ইনোভেটিভ আইডিয়া এর কার্যক্রম সম্পর্কে আলোচনাঃ**<br>মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষিত স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসেবে নাগরিক সেবা সহজীকরণের জন্য ইনোভেশন কার্যক্রমকে আরও গতিশীল করার লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান ও এনজিওসমূহে ইনোভেটিভ আইডিয়া আছে যা স্বল্প যাতায়াত, সময় ও খরচে সম্পন্ন হয় তা নিয়ে সভায় আলোচনা করা হয়। সভাপতি জানান সমবেত বা সমবায়ভিত্তিক প্রয়াস যে কোন সফলতার মাত্রাকে বহুগুণে বর্ধিত করে। তৃণমূল পর্যায় থেকেই মূল উদ্ভাবন সূচিত হয়। আর সেক্ষেত্রে সাফল্যের সম্ভাবনাও থাকে অনেক বেশি। এই লক্ষ্যে প্রত্যেক দপ্তরকে নতুন নতুন ইনোভেটিভ আইডিয়া গ্রহণপূর্বক এটুআই ও মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণপূর্বক সংশ্লিষ্ট অফিসে বাস্তবায়ন বিষয়ে আলোচনা করা হয়। | ১) জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান, এনজিওসমূহ ও জেলা পর্যায়ের সকল দপ্তর/বিভাগ, উপজেলা নির্বাহী অফিসারদের নতুন ইনোভেটিভ আইডিয়া গ্রহণ করে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br><br>২) জেলার অন্যান্য সকল সরকারি দপ্তরকে ইনোভেটিভ উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১) জেলা ইনোভেশন অফিসার, কুড়িগ্রাম।<br><br>২) জেলার সংশ্লিষ্ট সকল সরকারি দপ্তর প্রধান। |
| ৬। | **জেলা ও উপজেলা ওয়েব পোর্টাল সম্পর্কে আলোচনাঃ**<br>জনগণ যাতে সঠিক তথ্য ওয়েব পোর্টাল হতে সংগ্রহ করতে পারে সে লক্ষ্যে সভায় জেলা, উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সহকারী কমিশনার (আইসিটি) কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, রংপুর বিভাগের ওয়েব পোর্টাল মাইগ্রেশন হওয়ায় জেলা পোর্টলের কিছু কিছু লিংক ও সেবাবক্স ত্রুটি দেখা দিচ্ছে যা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সমাধেনের চেষ্টা করা হচ্ছে। সভাপতি জেলার সকল সরকারি বিভাগ/ দপ্তরের স্ব স্ব তথ্য বাতায়ন হালনাগাদকরণের বিষয়ে গুরুত্বারোপ করেন এবং তথ্য নিয়মিত আপলোড করে হালনাগাদকরণের নির্দেশনা প্রদান করেন। | ১) জেলা, উপজেলা ও ইউনিয়ন পোর্টালে পর্যাপ্ত তথ্য বাংলা ও ইংরেজি উভয় ভাষাতেই হালনাগাদ করতে হবে।<br><br>২) জেলার সকল সরকারি দপ্তরকে তার নিজ নিজ পোর্টাল হালনাগাদ রাখতে হবে।<br>৩) জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি বিভাগ/দপ্তরের বিভিন্ন ধরনের তথ্য স্ব স্ব তথ্য বাতায়নে হালনাগাদকরণের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। জেলা ও উপজেলা ওয়েব পোর্টাল এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।<br>৩।সহকারী কমিশনার(আইসিটি)কুড়িগ্রাম।<br>৪। সংশ্লিষ্ট সকল, কুড়িগ্রাম। |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি এ জেলার বিভিন্ন দপ্তরের কাজের গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত পরিপত্রের বিধান অনুসরণের পাশাপাশি নতুন কর্মপরিকল্পনা গ্রহণের উদ্যোগ নেওয়ার অনুরোধ জানান। একইসাথে ইনোভেটিভ আইডিয়া নিয়ে জনমুখী সেবাকে আরও গতিশীল করার সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

| | | | |
|---|---|---|---|
| ৫। | **<u>সেবা প্রদানে ইনোভেটিভ আইডিয়া এর কার্যক্রম সম্পর্কে আলোচনাঃ</u>**<br>মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষিত স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসেবে নাগরিক সেবা সহজীকরণের জন্য ইনোভেশন কার্যক্রমকে আরও গতিশীল করার লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান ও এনজিওসমূহে ইনোভেটিভ আইডিয়া আছে যা স্বল্প যাতায়াত, সময় ও খরচে সম্পন্ন হয় তা নিয়ে সভায় আলোচনা করা হয়। সভাপতি জানান সমবেত বা সমবায়ভিত্তিক প্রয়াস যে কোন সফলতার মাত্রাকে বহগুণে বর্ধিত করে। তৃণমূল পর্যায় থেকেই মূল উদ্ভাবন সূচিত হয়। আর সেক্ষেত্রে সাফল্যের সম্ভাবনাও থাকে অনেক বেশি। এই লক্ষ্যে প্রত্যেক দপ্তরকে নতুন নতুন ইনোভেটিভ আইডিয়া গ্রহণপূর্বক এটুআই ও মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণপূর্বক সংশ্লিষ্ট অফিসে বাস্তবায়ন বিষয়ে আলোচনা করা হয়। | ১) জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান, এনজিওসমূহ ও জেলা পর্যায়ের সকল দপ্তর/বিভাগ, উপজেলা নির্বাহী<br>অফিসারদের নতুন ইনোভেটিভ আইডিয়া গ্রহণ করে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br><br>২) জেলার অন্যান্য সকল সরকারি দপ্তরকে ইনোভেটিভ উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১) জেলা ইনোভেশন অফিসার, কুড়িগ্রাম।<br><br>২) জেলার সংশ্লিষ্ট সকল সরকারি দপ্তর প্রধান। |
| ৬। | **<u>জেলা ও উপজেলা ওয়েব পোর্টাল সম্পর্কে আলোচনাঃ</u>**<br>জনগণ যাতে সঠিক তথ্য ওয়েব পোর্টাল হতে সংগ্রহ করতে পারে সে লক্ষ্যে সভায় জেলা, উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সহকারী কমিশনার (আইসিটি) কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, রংপুর বিভাগের ওয়েব পোর্টাল মাইগ্রেশন হওয়ায় জেলা পোর্টলের কিছু কিছু লিংক ও সেবাবক্স ত্রুটি দেখা দিচ্ছে যা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সমাধেনের চেষ্টা করা হচ্ছে। সভাপতি জেলার সকল সরকারি বিভাগ/ দপ্তরের স্ব স্ব তথ্য বাতায়ন হালনাগাদকরণের বিষয়ে গুরুত্বারোপ করেন এবং তথ্য নিয়মিত আপলোড করে হালনাগাদকরণের নির্দেশনা প্রদান করেন। | ১) জেলা, উপজেলা ও ইউনিয়ন পোর্টালে পর্যাপ্ত তথ্য বাংলা ও ইংরেজি উভয় ভাষাতেই হালনাগাদ করতে হবে।<br><br>২) জেলার সকল সরকারি দপ্তরকে তার নিজ নিজ পোর্টাল হালনাগাদ রাখতে হবে।<br>৩) জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি বিভাগ/দপ্তরের বিভিন্ন ধরনের তথ্য স্ব স্ব তথ্য বাতায়নে হালনাগাদকরণের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। জেলা ও উপজেলা ওয়েব পোর্টাল এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।<br>৩।সহকারী কমিশনার(আইসিটি)কুড়িগ্রাম।<br>৪। সংশ্লিষ্ট সকল, কুড়িগ্রাম। |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি এ জেলার বিভিন্ন দপ্তরের কাজের গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত পরিপত্রের বিধান অনুসরণের পাশাপাশি নতুন কর্মপরিকল্পনা গ্রহণের উদ্যোগ নেওয়ার অনুরোধ জানান। একইসাথে ইনোভেটিভ আইডিয়া নিয়ে জনমুখী সেবাকে আরও গতিশীল করার সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

খন্দকার মুদাচ্ছির বিন আলী
অতিরিক্ত জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৭.৪৯০০.০২৬.২৯.০০৩.২৩.১৫৪

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩০
২৬ নভেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।

২) বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

৩) জেলা প্রশাসক, কুড়িগ্রাম।

৪) উপজেলা নির্বাহী অফিসার ............................................................ , (সকল), কুড়িগ্রাম (তাঁকে উপজেলাস্থ সকল দপ্তর/বিভাগকে অবহিতকরণের অনুরোধ করা হলো)।

৫) ............................................................., ............................................................

মোঃ শফিকুল ইসলাম
সহকারী কমিশনার (আইসিটি)